

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫২৬

জিরানীয়া, ১০, জানুয়ারি, ২০২৪

জিরানীয়া মহকুমাভিত্তিক স্বামী বিবেকানন্দ জন্মজয়ন্তী প্রস্তুতি সভা অনুষ্ঠিত

জিরানীয়া মহকুমাভিত্তিক স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী আগামী ১২ জানুয়ারি পুরাতন আগরতলা ব্লকের মিলনায়তনে উদযাপন করা হবে। সম্প্রতি জিরানীয়া মহকুমা শাসকের অফিস কক্ষে এক সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী স্বামীজীর জন্মজয়ন্তী উপলক্ষে আয়োজিত হবে আলোচনাচক্র ও সাংস্কৃতিক অনুষ্ঠান। সভায় উপস্থিত ছিলেন রাণীরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন অপর্ণা শুরু দাস, জিরানীয়া মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক সুশান্ত দেববর্মা, বরিষ্ঠ তথ্য আধিকারিক গৌতম দাস, বিশিষ্ট সমাজসেবী গৌরঙ্গ ভৌমিক, সাংস্কৃতিক কমিটির সদস্য রনজিত রায় চৌধুরী প্রমুখ।
